

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
সিংড়া, নাটোর।
fisheries.singra.natore.gov.bd

পত্র নং: ৩৩.০২.৬৯৯১.৫০১.১৯.০০১.২২.১৮

তারিখ : ২০/০৫/২০২৪ খ্রি:

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় প্রতিদ্বন্দ্বিতা প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের (stakeholders) সমন্বয়ে অবহিতকরণ বিষয়ক ২য় অর্ধ-বার্ষিকী সভা আগামী ২৬/০৫/২০২৪ খ্রি: রোজ রবিবার সকাল ১০.৩০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস কক্ষ, সিংড়া, নাটোর-এ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নির্ধারিত তারিখ ও সময়ে আপনাকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



২০/০৫/২০২৪

(মোঃ শাহাদত হোসেন)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সিংড়া, নাটোর।

প্রাপক

.....
.....
.....

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর।
- ২। অফিস কপি।

২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে
অংশীজনের (stakeholders) সমন্বয়ে অবহিতকরণ ২য় অর্ধ-বার্ষিকী সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ শাহাদত হোসেন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিংড়া, নাটোর।
সভার স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস কক্ষ, সিংড়া, নাটোর।
তারিখঃ ২৬/০৫/২০২৪ খ্রি:।
সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় সভায় উপস্থিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের (stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভার কাজ আরম্ভ করেন।

তিনি জলজ সম্পদে সমৃদ্ধ বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদানের বিষয়ে আলোচনা করেন। সভাপতি মাঠ পর্যায়ে মৎস্য অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থিত অংশীজনবৃন্দকে অবহিত করেন এবং কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে সভায় দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন, সেবা প্রত্যাশীদের নিকট থেকে প্রতিটি অভিযোগ গুরুত্বের সাথে গ্রহণ ও প্রাপ্ত অভিযোগের আলোকে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রতিকার করে সেবা প্রত্যাশীদের অবহিত করা হবে।

সভায় উপস্থিত অংশীজনবৃন্দ মৎস্য অধিদপ্তরের কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে একমত পোষণ করেন। সভাপতি মহোদয় দলমত নির্বিশেষে সকলের দোরগোড়ায় মৎস্য অধিদপ্তরের সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে অংশীজনবৃন্দের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত অংশীজনবৃন্দকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৬/০৫/২০২৪

(মোঃ শাহাদত হোসেন)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সিংড়া, নাটোর।

স্মারক নং: ৩৩.০২.৬৯৯১.৫০১.১৯.০০১.২২.২৮

তারিখঃ ২৬/০৫/২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর।

২। অফিস কপি।